

Times Today BD

আশিকুর রহমান | দেশজুড়ে | 25 April, 2025

ঢাকা-টাঙ্গাইল মহাসড়কে ছিনতাইকারীর ছুরিকাঘাতে সাইফুল আলম নামে এক মাছ ব্যবসায়ী নিহত হয়েছেন। নিহত সাইফুল আলম টাঙ্গাইল শহরের সাকরাইল এলাকার মৃত সাকিবর আহমেদের ছেলে।

শুক্রবার ভোর সাড়ে ৪ টার দিকে মহাসড়কের দেলদুয়ারের ডুবাইল এলাকায় এ ঘটনা ঘটে।

পুলিশ ও স্বজনরা জানান, রাত সাড়ে ৩ টার দিকে সাইফুল আলম, এক জেলেকে সাথে নিয়ে ব্যাটারি চালিত অটো রিক্সাযোগে মির্জাপুরের একটি হ্যাচারিতে মাছের রেনু কিনতে যাচ্ছিলেন। এসময় মহাসড়কের ডুবাইল এলাকায় পৌঁছেলে ৩জন ছিনতাইকারী মোটরসাইকেল নিয়ে তাদের অটোরিক্সার গতিরোধ করে। পরে পিস্তলসহ দেশীয় অস্ত্র ঠেকিয়ে নগদ টাকা ও মুঠোফোন ছিনিয়ে নেয়ার চেষ্টা করে। সাইফুল আলম তাদের বাধা দিলে তাকে ছুরিকাঘাত করে ছিনতাইকারীরা পালিয়ে যায়। সাইফুল আলমকে উদ্ধার করে টাঙ্গাইল জেনারেল হাসপাতালে ভর্তি করা হলে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। এ ঘটনায় মামলা প্রক্রিয়াধীন রয়েছে।

দেলদুয়ার থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. সোহেব খান বলেন, আমরা ঘটনাস্থল পরিদর্শন করেছি। আইনী প্রক্রিয়া শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

টাঙ্গাইল ছিনতাইকারী ঢাকা-টাঙ্গাইল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:29

URL: <https://www.timestodaybd.com/public/across-the-country/1429635702>